# DIRECTORS' REPORT

Bismillahir Rahmanir Rahim,

Honorable Shareholders,

On behalf of the Board of Directors of your company and from my own behalf, I am honored to address you in our annual report and share the highlights of our company's performance for the year ended 30 June, 2023. It has been a year of significant accomplishments and valuable lessons, one marked by both triumphs and trails.

## Our business

We specialize in producing a wide range of garment accessories, including corrugated cartons, buttons, soft line printing products (labels, elastics, offset printing), hangers, and gum tape. Our products are trusted by prominent retailers, including but not limited to Wal-Mart, Tesco, and Decathlon, among many others.

## Overview 2022-2023

Please allow us to provide a concise overview of your company's operational and financial performance from July 1, 2022, to June 30, 2023 as follows:

## Revenue:

Our total revenue experienced a 13% decline in comparison to the previous year, primarily attributed to a significant drop in sales in global markets, notably in Europe and the USA.

## Cost & Price Impact:

Although sales saw a decrease when compared to the prior year, the gross profit has risen due to improved inventory balancing, enhanced management of raw material procurement and other cost control measures.

## Development

In our pursuit of sustainable growth and adaptability within fluctuating markets, we have actively pursued a deliberate strategy to expand our product offerings.

## Industry outlook

The backward garment industry of Bangladesh is intricately entwined with the global market, and we anticipate that these industries will continue to experience consistent growth in line with the trends of the global supply chain. The Ready-Made Garment (RMG) sector in Bangladesh has earned global recognition thanks to its unparalleled efficiency and cost competitiveness. Notably, numerous market researchers and analysts have foreseen Bangladesh retaining its position as a pivotal sourcing hub for the RMG sector, catering to global brands. With these promising prospects on the horizon, we are optimistic that our business outlook will surpass the achievements of previous years.

## Segment & products' performance

### Operational Performance

| Particulars | Unit | 01 July 2022 to 30 June 2023 | | | 01 July 2021 to 30 June 2022 | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | Production Capacity (Pcs/GG) | Actual Production (Pcs/GG) | Capacity Utilization in (%) | Production Capacity (Pcs/GG) | Actual Production (Pcs/GG) | Capacity Utilization in (%) |
| Carton | Pcs | 31,750,000 | 21,594,712 | 68.01% | 31,750,000 | 30,291,920 | 95.41% |
| Label | Pcs | 175,964,208 | 59,660,775 | 33.91% | 175,964,208 | 77,342,085 | 43.95% |
| Elastics and Narrow Fabrics | Yard | 35,376,000 | 21,895,399 | 61.89% | 35,376,000 | 29,278,920 | 82.76% |
| Offset Printing | Pcs | 150,009,600 | 53,135,153 | 35.42% | 150,009,600 | 74,189,379 | 49.46% |
| Heat Transfer Printing | Pcs | 24,960,000 | 4,277,042 | 17.14% | 24,960,000 | 6,646,061 | 26.63% |
| Button | GG | 360,000 | 256,496 | 71.25% | 360,000 | 234,793 | 65.22% |
| Gum Tape | Pcs | 4,290,000 | 543,888 | 12.68% | 4,290,000 | 830,649 | 19.36% |
| Hanger | Pcs | 45,000,000 | 9,520,911 | 21.16% | 45,000,000 | 20,894,312 | 46.43% |

For calculation of capacity utilization, weighted average of actual production capacity of each products has been considered.

### Product wise revenue:

| Product name | Contribution to Total Revenue | | | |
|---|---|---|---|---|
| | Yr 2022-23 | | Yr 2021-22 | |
| | In Taka | In % | In Taka | In % |
| Carton | 2,260,540,588 | 80.89% | 2,606,624,584 | 81.47% |
| Label | 79,536,326 | 2.85% | 55,546,882 | 1.74% |
| Elastics and Narrow Fabrics | 121,752,582 | 4.36% | 160,439,193 | 5.01% |
| Offset Printing | 70,589,967 | 2.53% | 77,965,565 | 2.44% |
| Heat Transfer Printing | 10,715,614 | 0.38% | 6,472,562 | 0.20% |
| Button | 169,576,735 | 6.07% | 133,026,939 | 4.16% |
| Gum Tape | 40,359,726 | 1.44% | 44,397,110 | 1.39% |
| Hanger | 41,498,210 | 1.48% | 115,208,493 | 3.60% |
| Total | 2,794,569,748 | 100% | 3,199,681,329 | 100% |

### Risk and concerns

Board of Directors reviews the risk management practices and actions deployed by the Management with respect to identification, impact assessment, monitoring, mitigation and reporting of key risks while trying to achieve its business objectives. A detailed report on Risk & Concerns are given in Annexure-J, Page: 84-85.

### Analysis cost of goods sold, gross profit margin and net profit margin (Refer to Annexure-D, Page No: 75-77).

## Last 5 Years' Key Operating and Financial Performance

| Particulars | 2022-2023 | 2021-2022 | 2020-2021 | 2019-2020 | 2018-2019 |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| Revenue | 2,794,569,748 | 3,199,681,329 | 2,217,942,652 | 1,922,326,909 | 2,302,159,637 |
| Gross Profit | 555,024,234 | 496,703,842 | 424,624,094 | 422,675,837 | 418,004,019 |
| Profit before WPPF &Tax | 207,613,436 | 198,510,645 | 185,868,514 | 181,463,361 | 180,605,877 |
| Profit after WPPF &Tax | 153,252,545 | 165,725,402 | 156,945,148 | 144,679,379 | 138,440,217 |
| Earnings Per Share (EPS) | 2.15 | 2.33 | 2.20 | 2.18 | 2.20 |
| Shareholders' Equity | 1,860,122,810 | 1,820,762,043 | 1,761,810,181 | 1,654,527,148 | 1,572,910,769 |
| Current Liabilities | 2,275,553,891 | 2,582,244,823 | 1,820,561,155 | 1,510,242,105 | 1,417,325,234 |
| Non Current Liabilities | 243,582,292 | 244,789,178 | 179,267,520 | 146,125,621 | 287,926,972 |
| Addition to Fixed Assets & CWIP | 15,371,140 | 87,113,736 | 154,890,122 | 13,830,563 | 35,179,286 |
| NAV Per Share | 26.13 | 25.58 | 24.75 | 24.99 | 24.94 |
| Net Operating Cash Flow Per Share (NOCFPS) | (8.97) | 8.97 | 6.58 | 8.12 | 2.02 |

### Extra-ordinary gain / (loss)

There is no extraordinary gain or loss occurred during the reporting period.

### Related party transactions

There have been no materially significant related party transactions between the Company and the Directors, the management, the subsidiaries or the relatives except for those disclosed in the financial statements in Note 37 and in Annexure-G, Page: 81 in accordance with relevant International Accounting Standards (IAS).

### Utilization of proceeds raised through public issues, rights issues and/or any other instruments

Initial Public offering (IPO) of KDS Accessories Limited was made in 2015 and the fund raised thereby has already been utilized as reported to the regulators.

No other issues of any instrument including right share was made during the year.

### Explanation if the financial results deteriorate after the company goes for Initial Public Offering (IPO), Repeat Public Offering (RPO), Rights Share Offer, Direct Listing

KDS Accessories Limited went for IPO in 2015 and after that the company didn’t not raise any fund by any sort of offerings up to 2020-21. Moreover, the financial results have improved during the year under review. Therefore, no explanation is required in this connection.

### Significant variance between Quarterly and Annual Financial Statements

There was no significant difference between quarterly performance and overall period ended performance of the Company.

### Remuneration to directors including independent directors

Directors of KDSAL don’t enjoy any facilities in the name of remuneration, bonus or any other form except the Managing Director for his direct participation to Company’s day to day operations. Managing Director enjoys remuneration and festival bonus for his contribution to the Company which are as under:

| Name of Directors | Designation | Amount |
|---|---|---|
| Mr. Khalilur Rahman | Chairman | - |
| Mr. Salim Rahman | Managing Director | 6,100,000 |
| Ms. Tahsina Rahman | Director | - |
| KDS Garments Inds. Limited. Represented by Mr Kamrul Hasan Sidiqui FCA, ACMA (UK), CGMA | Director | - |
| Professor Sarwar Jahan | Independent Director | - |

## Internal control system

The Company has an internal control system, commensurate with the size, scale and complexity of its operations. The scope and authority of the Internal Audit function is defined in the Internal Audit Charter. To maintain its objectivity and independence, the Internal Audit function reports to the Chairman of the Board.

The Internal Audit Department monitors and evaluates the efficacy and adequacy of internal control systems in the Company, its compliance with operating systems, accounting procedures and policies at all locations of the Company. Based on the report of internal audit function, process owners undertake corrective action in their respective areas and thereby strengthen the controls. Significant audit observations and corrective actions thereon are presented to the Board.

## Minority shareholders' protection

The Board is and shall be committed to respect the rights of the minority shareholders to voting, right to information, dividends and appraisal of any alteration in Memorandum and Articles.

## Going concern

The Directors consider that the Company has adequate resources to remain in operation for the foreseeable future and has therefore continued to adopt the going concern basis in preparing the financial statements.

## Significant deviation in operating results compared to previous period

There is no such deviation in operating results compared to the previous period.

## Dividend

Board of Directors has approved the Dividend Distribution Policy as per directive of Bangladesh Securities and Exchange Commission and based on this, our policy is to offer dividends that closely reflect business performance. As announced by the Company on 23 October 2023, the Board has recommended dividend for all shareholders 10% Cash in respect of the year ended on 30 June 2023 which will be paid after approval in the Annual General Meeting of the Company as per respective shareholding position on record date i.e. on 20 November 2023. Dividend Distribution Policy and summary of Unclaimed Dividend have been disclosed in Page: 93-94

Board of Directors confirm that no bonus share or stock dividend has been declared as interim dividend and shall not be declared any stock or bonus share as interim dividend in future.

## Board of directors'

i) Structure and size of the Board

On 30 June 2023, there were 5 members on the Board of the Company. The Board comprises Chairman, Managing Director, Two Directors and One Independent Director.

ii) Status of Companies in which Directors also hold Directorship.

An Annexure is attached to this report on the status of Companies in which Directors are also hold Directorship. Annexure-I, Page: 83.

### iii) Director's Retirement and Re-election.

In accordance with the Articles of Association of the Company, one third of the total number of Directors is to retire by rotation in every year. In the forthcoming Annual General Meeting the following two Directors will retire and being eligible, offer themselves for re-appointment:

i) Mr. Salim Rahman
ii) Ms.Tahsina Rahman

Board of Directors' in its meeting held on 23 October 2023 proposed their appointment. The brief bio-data of the said Directors are enclosed herewith in the section of Director's Profile in Page: 36 & 41.

### iv) Board Meeting and Attendance:

During the reporting period the Board met 4 times. The attendance record of the Directors is as follows

| Name of Directors | Designation | Nos of Meeting | Attendance |
|---|---|---|---|
| Mr. Khalilur Rahman | Chairman | 4 | 4 |
| Mr. Salim Rahman | Managing Director | 4 | 4 |
| Ms. Tahsina Rahman | Director | 4 | 4 |
| KDS Garments Inds. Ltd. Represented by Mr Kamrul Hasan Sidiqui FCA, ACMA (UK),CGMA | Director | 4 | 4 |
| Professor Sarwar Jahan | Independent Director | 4 | 4 |

### Appointment of independent director

As per provision of Corporate Governance Guidelines notification no: SEC/CMRRCD/2006-158/207/ADMIN/80 Dated 3rd June 2018 by Bangladesh Securities & Exchange Commission (BSEC) Professor Mr. Sarwar Jahan was appointed as Independent Director of the Company for a period of 3 (Three) years in 30th Annual General Meeting (AGM). Short-bio data of the said director is enclosed herewith in the section of Director's Profile. Page: 40.

### Shareholding pattern

(Refer to Annexure-H, Page No:81)

### Directors' involvement in other business (Refer to Annexure-I, Page No:83)

### Management discussion and analysis

The Board of Directors converse on the increase / decrease of revenue, cost of goods sold, gross and net profit margin. The Board also takes instant actions on the inquiry as required. A detailed report on discussion in the regard is comprised in Annexure-D, Page: 75-77.

### Certification by the CEO & the CFO

Declaration of certificate by the CEO & the CFO to the Board as required under condition no. 3(3) of Corporate Governance Code is included in Annexure-A, Page: 67

### Credit rating

Credit Rating Information and Services Limited (CRISL) assigned rating for your company as below:

| Long Term | Short Term |
|---|---|
| AA- | ST-2 |

Above rating have been assigned on the basis of good fundamental such as good profitability, sound infrastructural arrangement with state-of-the art, pioneer and market leader in Garment Accessories industry, experienced management. Entities rated in this category are adjudged to be of high quality, offer higher safety and have credit quality.
Your Company in the evaluation of Credit Rating Company was also placed with "Stable".

## Subsequent events

There is no subsequent event after the date of balance sheet and till the date of this report which could affect the ability of the users of these financial statements to make an appropriate evaluation.

## Audit committee

The Board has constituted the Audit Committee as follows:

| Name of Directors | Position |
|---|---|
| Professor Sarwar Jahan | Chairman & Independent Director |
| Ms. Tahsina Rahman | Member |
| KDS Garments Ind. Ltd. Represented by Mr Kamrul Hasan Sidiqui FCA, ACMA (UK),CGMA | Member |
| Mr. Mohammad Ilias | Member Secretary |

During the reporting period under review, the Committee held four meetings. A detailed of the roles and activities of the Audit Committee has been provided in "The Report of The Audit Committee". Page: 86-87.


## Nomination and remuneration committee (NRC):

During the reporting period under review the committee held one meeting. A detailed of the roles and activities of the Nomination & Remuneration Committee (NRC) has been provided in the "The Report of the Nomination & Remuneration Committee(NRC)" Page: 88-90.

Nomination and Remuneration Committee (NRC)".Page: 88-90

## Contribution to national exchequer

Being a responsible business entity, KDSAL is paying and facilitating collection of Government's revenue. In the reporting period, we have paid collected and deposited a significant amount of tax, VAT and duties. During the period, KDSAL contributed to Tk. 99,186,301 to the Government Exchequer along with utility bill which is presented below:




## Corporate social responsibility (CSR)

Over the years, your company's commitment to Corporate Social Responsibility (CSR) activities is part and parcel of the Company's business model. Your Company has been contributing to the welfare of the community, research and development and protection of environment. Few initiatives of CSR of your company are mentioned below:

- Contributing donation to the Educational Institutes.
- Launching Tree Plantation program in patronizing a green environment.
- Contribute for safe drinking water supply.

## Awards & Recognition

Since starting your Company received the following awards and recognitions:

- FSC Chain of Custody Certification Standard & FSC CoC Certification of Multiple Sites Standard by Bureau Veritas.
- OEKO-TEX Standard 100 Certified for Woven Labels.
- OEKO-TEX Standard 100 Certified for Elastic Labels.
- OEKO-TEX Standard 100 Certified for Buttons.
- Achievement Award of Trim Qualification Program by Intertek.
- CAP Closure Verification Visit Results by Alliance.

## Information technology

We, at KDS Accessories always strive for the innovation in business by adopting something different, smarter or better for bringing positive impact in terms of value, quality or productivity.

We believe that now accurate business planning, effective marketing, global sales, systematic management, real time monitoring, instant customer support and long-term business growth cannot be achieved at the optimum level without IT and we plan ahead of others to enable our operations process through IT.

Some of our IT enabled applications and systems are Accounting Management System (AMS), HRIS, Sales & Distribution Management System (SDMS), Production Management System (PMS), Inventory Management System (IMS), Inventory & Procurement Managing System (IPMS), Fixed Asset Management System (FAMS) and Fund Management System (FMS). Through these applications management can view various reports for its review and decision from any location.

## Website

Company maintains a website namely www.kdsaccessories.com which is linked with the websites of the stock exchanges and it is functional from the date of listing and all disclosures and financials are available in the website of the company.

## Human resources

Human Resources are a fundamental asset across the entire business model.

The development of the company builds its competitive advantage on the skills and commitment of its employees, promoting and rewarding pro-activity, goal orientation and teamwork.

The HR Department of your company operates with specific policy, manual and plan designed by the world class consulting firm and approved by the Board of Directors.

We provide on-the-job training and development opportunities to enhance our employees' career progression. Through different training, staff's professional knowledge in corporate operations, occupational and management skills are enhanced.

KDS Accessories is an equal opportunity employer and does not discriminate on the basis of personal characteristics. Company

has employee handbooks outlining terms and conditions of employment, expectations for employees' conduct and behavior, employees right and benefits. We establish and implement policies that promote a harmony and respectful workplace.

### Information in compliance to the condition No 4 of the commission's notification No. BSEC/CMRR D/2009-193/10/ADMIN/118, Dated 22 March 2021.

### Lien or Pledge information:

During the period from July 2022 to June 2023, the following directors of the company has not availed any loan or credit facility by lien or pledge of their shares to the lenders at the time of borrowings. They also had not availed any margin loan from the stockholder or portfolio manager

| Name of the Director | Position in Company | No of Shareholding | % of shareholding |
|---|---|---|---|
| Mr. Khalilur Rahman | Chairman | 30,599,237 | 42.99% |
| Mr. Salim Rahman | Managing Director | 10,030,344 | 14.09% |

### Code of Conduct

The underlying philosophy of KDS Accessories Limited's Code is to conduct the business in an ethical manner as well as create a work environment that is conducive for members and associates alike, based on the Company's values and beliefs.

Code of Conduct for Board of Directors was framed and followed accordingly in discharging their duties and responsibilities.

### Appointment of auditors & professional

#### A. Appointment of External Auditors:

Hussain Farhad & Co, Chartered Accountants, having its office at Yunusco City Centre (9th Floor), 807, CDA Avenue, Nasirabad, Chattogram-4100, Bangladesh is recommended for appointment of external Auditor of the company for the next accounting year for the period from 01 July 2023 to 30 June 2024 and till the conclusion of 33rd AGM subject to the approval of shareholders in next AGM and the remuneration to be fixed mutually by the Board of Directors of the Company and the said firm."

#### B. Appointment of Professional for Corporate Governance Certificate:

On the willingness to be appointed as professional to certify on the compliance of corporate governance as issued by the Bangladesh Securities and Exchange Commission, the Board of Directors in its meeting held on 23 October 2023, recommended the appointment of Shafiq Basak & Co., Chartered Accountants, having its office at National House (1st Floor), 109, Agrabad C/A, Chattogram-4100 for the year 2022-2023 subject to the approval by the shareholders in the 32nd AGM.

### Compliance of corporate governance

Pursuant to notification No: BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 dated 03 June 2018 by Bangladesh Securities and Exchange Commission (BSEC), the Corporate Governance Report and the Auditors' Certificate regarding compliance of conditions of Corporate Governance are made part of the Annual Report and attached in Annexure-B & C, Page : 68-74 respectively.

## Directors' responsibilities statement

Pursuant to the BSEC notification No. BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 dated 03 June 2018 the Directors confirm that:

i) The financial statements prepared by the management of KDS Accessories Limited fairly present its state of affairs, the result of its operations, cash flows and changes in equity.

ii) Proper books of Account of the company have been maintained.

iii) Appropriate accounting policies have been consistently applied in preparation of the financial statements and that the accounting estimates are based on reasonable and prudent judgment.

iv) International Accounting Standards (IAS)/International Financial Reporting Standards (IFRS) as applicable in Bangladesh have been followed in preparation of the financial statements and any departure therefrom has been adequately disclosed.

v) The system of internal control is sound in design and has been effectively implemented and monitored.

vi) There are no doubts upon the Company's ability to continue as a going concern and the accounts have been prepared on going concern basis.

vii) The significant deviations from previous period in the operating results of the company have been highlighted in the report and the reasons thereof have been explained.

viii) The key operating and financial data of last 5 years is disclosed in Annexure-D Page: 76.

ix) The number of Board Meeting held during the reporting period and the attendance by each director is disclosed in this report in Page: 54.

x) The pattern of shareholding is disclosed in Annexure-H, Page: 81.

xi) A compliance status report with requirements of Corporate Governance as required by BSEC is disclosed in Corporate Governance Report and is disclosed in Annexure-C, Page: 68-74.

xii) Directors' profile is attached in page no 36 - 41 and their directorship and business interest in other organizations have been disclosed in Board of Directors segment and in Annexure-I, Page: 83.

## Appreciation

We thank our customers, vendors, investors, business associates and bankers for their continued support during the years. We place on record our appreciation of the contribution made by workers and employees at all levels. Our resilience to meet challenges was made possible by their hard work, solidarity, co-operation and support.

We thank the Government of Bangladesh, and Government Agencies and Regulatory Bodies-BSEC, DSE, CSE, CDBL, RJSC, NBR and others related parties for their support and look forward to their continued support in the future.

Allah Hafiz
Stay safe and healthy!

on behalf of the Board

**Khalilur Rahman**
Chairman
23 October 2023

# পরিচালকমন্ডলীর প্রতিবেদন

বিছমিল্লাহির রাহমানির রাহিম,

## সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

পরিচালনা পর্ষদের পক্ষ হতে আমি আপনারদের সকলকে কোম্পানীর ৩২তম বার্ষিক সাধারন সভায় স্বাগত জানাচ্ছি এবং ৩০শে জুন ২০২৩ সালের সমাপ্ত বৎসেরর উপর পরিচালনা পর্ষদের প্রতিবেদন ও নিরীক্ষীত আর্থিক বিবরনী ও প্রতিবেদন আপনাদের সামনে উপস্থাপন করছি।

## ব্যবসায়িক পরিধি

কোম্পানী মূলত সব ধরনের তৈরী পোশাকের এক্সেসরিজ যেমন- কার্টন, লেবেল, বোতাম, হ্যাঙ্গার, গাম টেপ এবং সফট লাইন প্রিন্টিং (SLP) পণ্যসামগ্রী উৎপাদন ও বিশ্বের শীর্ষস্থানীয় তৈরী পোশাকের Brand যথা- Wal-Mart, Best Seller, Tesco, Decathlon প্রভৃতি সমূহকে সরবরাহ করে থাকে।

## ব্যবসায়ের সংক্ষিপ্ত বিবরণ (২০২২-২০২৩)

বিগত বৎসরের (০১ জুলাই ২০২২ হতে ৩০ জুন ২০২৩) অপারেশন এবং আর্থিক ফলাফল সংক্রান্ত একটি সংক্ষিপ্ত পর্যালোচনা আপনাদের সামনে উপস্থাপন করছি।

অন্যান্য অনেক বিষয়গুলোর মধ্যে যে সমস্ত দিকগুলো আমাদের ব্যবসা পরিচালনায় ব্যাপক প্রভাব ফেলেছে সেই দিকগুলো হলো ঃ

## বিক্রয়

বিশ্বব্যাপী (বিশেষ করে ইউরোপ - আমেরিকায়) তৈরী পোশাকের চাহিদা কমায়, আমাদেও বিগত বৎসরের বিক্রয় তার আগের বছরের তুলনায় ১৩ শতাংশ হারেহ্রাস পেয়েছে।

## ব্যয় ও পণ্য মূল্যের প্রভাব

বিগত বছরের বিক্রয় কমা সত্বেও আমাদের কোম্পানির মোট লাভ বৃদ্ধি পেয়েছে। কাঁচামালের যথোপযুক্ত মজুদ এবং ক্রয়ের নিয়ন্ত্রিত ব্যবস্থাপনার মাধ্যমে এই অর্জন সম্ভব হয়েছে।

## উন্নয়ন ও সম্প্রসারন

ব্যবসায় প্রতিযোগিতা ও নতুন নতুন উদ্ভাবনের সাথে সামঞ্জস্যতা রেখে উৎপাদন প্রক্রিয়ার পুনঃমূল্যায়নের জন্য আমরা প্রতিনিয়ত কাজ করে যাচ্ছি। এই বৎসরও Button এর উৎপাদন সক্ষমতা বৃদ্ধির কাজ প্রক্রিয়াধীন রয়েছে এবং চট্রগ্রামে অবস্থিত Packaging Board Plant টির ও কিছু modification এর কাজ ও চলছে।

আমরা আপনাদের আশ্বস্ত করছি যে, আমাদের দীর্ঘমেয়াদী উত্তরণের এই ধারা অব্যাহত থাকবে।

## সম্ভবনা

বাংলাদেশের গার্মেন্টস এক্সেরিজ ইন্ডাষ্ট্রিজ বিশ্ব বাজারের সাথে ওতোপ্রোতভাবে জড়িত এবং আশা করি এই শিল্প বিশ্ব বাজারের সাথে সামঞ্জস্য রেখে প্রবৃদ্ধির দিকে এগিয়ে যাবে। ইতিমধ্যে কাজের দক্ষতা এবং Lower Labor Cost এর জন্য বাংলাদেশের পোশাক শিল্প (RMG Sector) বিশ্ব বাজাওে একটা স্থান অর্জন করতে পেরেছে। বিশ্বের অসংখ্য গবেষক এবং বিশ্লেষকের মতে বাংলাদেশকে আরএমজি সেক্টরের গুরুত্বপূর্ণ সোসিং হাব হিসেবে তার অবস্থান ধরে রাখার পূর্বাভাস দিয়েছেন। এই প্রতিশ্রুতির সাথে আমরাও আশাবাদী যে, আমাদের ব্যবসায়িক পরিধির অর্জন বিগত বছরকে ছাড়িয়ে যাবে।।

### পন্যভিত্তিক ফলাফল

| বিররণ | ইউনিট | ০১ জুলাই ২০২২ হতে ৩০ জুন ২০২৩ | | | ০১ জুলাই ২০২১ হতে ৩০ জুন ২০২২ | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | উৎপাদন ক্ষমতা | প্রকৃত উৎপাদন | ধারণ ক্ষমতার ব্যবহার (%) | উৎপাদন ক্ষমতা | প্রকৃত উৎপাদন | ধারণ ক্ষমতার ব্যবহার (%) |
| কার্টন | পিচ | ৩১,৭৫০,০০০ | ২১,৫৯৪,৭১২ | ৬৮.০১% | ৩১,৭৫০,০০০ | ৩০,২৯১,৯২০ | ৯৫.৪১% |
| লেবেল | পিচ | ১৭৫,৯৬৪,২০৮ | ৫৯,৬৬০,৭৭৫ | ৩৩.৯১% | ১৭৫,৯৬৪,২০৮ | ৭৭,৩৪২,০৮৫ | ৪৩.৯৫% |
| ইলাষ্টিকস এবং ন্যারু ফ্যাবরিক্স | পিচ | ৩৫,৩৭৬,০০০ | ২১,৮৯৫,৩৯৯ | ৬১.৮৯% | ৩৫,৩৭৬,০০০ | ২৯,২৭৮,৯২০ | ৮২.৭৬% |
| অফসেট প্রিন্টিং | পিচ | ১৫০,০০৯,৬০০ | ৫৩,১৩৫,১৫৩ | ৩৫.৪২% | ১৫০,০০৯,৬০০ | ৭৪,১৮৯,৩৭৯ | ৪৯.৪৬% |
| হিট ট্রান্সফার | পিচ | ২৪,৯৬০,০০০ | ৪,২৭৭,০৪২ | ১৭.১৪% | ২৪,৯৬০,০০০ | ৬,৬৪৬,০৬১ | ২৬.৬৩% |
| বাটন | জিজি | ৩৬০,০০০ | ২৫৬,৪৯৬ | ৭১.২৫% | ৩৬০,০০০ | ২৩৪,৭৯৩ | ৬৫.২২% |
| গামটেপ | পিচ | ৪,২৯০,০০০ | ৫৪৩,৮৮৮ | ১২.৬৮% | ৪,২৯০,০০০ | ৮৩০,৬৪৯ | ১৯.৩৬% |
| হ্যাঙ্গার | পিচ | ৪৫,০০০,০০০ | ৯,৫২০,৯১১ | ২১.১৬% | ৪৫,০০০,০০০ | ২০,৮৯৪,৩১২ | ৪৬.৪৩% |

#### পণ্যভিত্তিক বিক্রয় ঃ

| বিবরণ | ২০২২-২৩ | | ২০২১-২২ | |
|---|---|---|---|---|
| | টাকায় | % | টাকায় | % |
| কার্টন | ২,২৬০,৫৪০,৫৮৮ | ৮০.৮৯% | ২,৬০৬,৬২৪,৫৮৪ | ৮১.৪৭% |
| লেবেল | ৭৯,৫৩৬,৩২৬ | ২.৮৫% | ৫৫,৫৪৬,৮৮২ | ১.৭৪% |
| ইলাষ্টিকস এবং ন্যারু ফ্যাবরিক্স | ১২১,৭৫২,৫৮২ | ৪.৩৬% | ১৬০,৪৩৯,১৯৩ | ৫.০১% |
| অফসেট প্রিন্টিং | ৭০,৫৮৯,৯৬৭ | ২.৫৩% | ৭৭,৯৬৫,৫৬৫ | ২.৪৪% |
| হিট ট্রান্সফার | ১০,৭১৫,৬১৪ | ০.৩৮% | ৬,৪৭২,৫৬২ | ০.২০% |
| বাটন | ১৬৯,৫৭৬,৭৩৫ | ৬.০৭% | ১৩৩,০২৬,৯৩৯ | ৪.১৬% |
| গামটেপ | ৪০,৩৫৯,৭২৬ | ১.৪৪% | ৪৪,৩৯৭,১১০ | ১.৩৯% |
| হ্যাঙ্গার | ৪১,৪৯৮,২১০ | ১.৪৮% | ১১৫,২০৮,৪৯৩ | ৩.৬০% |
| **সর্বমোট** | **২,৭৯৪,৫৬৯,৭৪৮** | **১০০%** | **৩,১৯৯,৬৮১,৩২৯** | **১০০%** |

#### বিগত ৫ বৎসরের প্রধান আর্থিক অনুপাত ও ফলাফল ঃ

| বিবরণ | ২০২২-২০২৩ | ২০২১-২০২২ | ২০২০-২০২১ | ২০১৯-২০২০ | ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|
| বিক্রয় | ২,৭৯৪,৫৬৯,৭৪৮ | ৩,১৯৯,৬৮১,৩২৯ | ২,২১৭,৯৪২,৬৫২ | ১,৯২২,৩২৬,৯০৯ | ২,৩০২,১৫৯,৬৩৭ |
| মোট মুনাফা | ৫৫৫,০২৪,২৩৪ | ৪৯৬,৭০৩,৮৪২ | ৪২৪,৬২৪,০৯৪ | ৪২২,৬৭৫,৮৩৭ | ৪১৮,০০৪,০১৯ |
| WPPF এবং Income Tax পূর্ববর্তী মুনাফা | ২০৭,৬১৩,৪৩৬ | ১৯৮,৫১০,৬৪৫ | ১৮৫,৮৬৮,৫১৪ | ১৮১,৪৬৩,৩৬১ | ১৮০,৬০৫,৮৭৭ |
| নীট মুনাফা | ১৫৩,২৫২,৫৪৫ | ১৬৫,৭২৫,৪০২ | ১৫৬,৯৪৫,১৪৮ | ১৪৪,৬৭৯,৩৭৯ | ১৩৮,৪৪০,২১৭ |
| শেয়ার প্রতি আয় (EPS) | ২.১৫ | ২.৩৩ | ২.২০ | ২.১৮ | ২.২০ |
| শেয়ারহোল্ডারদের সম্পদ | ১,৮৬০,১২২,৮১০ | ১,৮২০,৭৬২,০৪৩ | ১,৭৬১,৮১০,১৮১ | ১,৬৫৪,৫২৭,১৪৮ | ১,৫৭২,৯১০,৭৬৯ |
| চলতি দায় | ২,২৭৫,৫৫৩,৮৯১ | ২,৫৮২,২৪৪,৮২৩ | ১,৮২০,৫৬১,১৫৫ | ১,৫১০,২৪২,১০৫ | ১,৪১৭,৩২৫,২৩৪ |
| দীর্ঘমেয়াদী দায়সমূহ | ২৪৩,৫৮২,২৯২ | ২৪৪,৭৮৯,১৭৮ | ১৭৯,২৬৭,৫২০ | ১৪৬,১২৫,৬২১ | ২৮৭,৯২৬,৯৭২ |
| স্থায়ী সম্পদ এবং চলতি কার্যের সংযোজন | ১৫,৩৭১,১৪০ | ৮৭,১১৩,৭৩৬ | ১৫৪,৮৯০,১২২ | ১৩,৮৩০,৫৬৩ | ৩৫,১৭৯,২৮৬ |
| শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV) | ২৬.১৩ | ২৫.৫৮ | ২৪.৭৫ | ২৪.৯৯ | ২৪.৯৪ |
| শেয়ার প্রতি নগদ প্রবাহ | (৮.৯৭) | ৮.৯৭ | ৬.৫৮ | ৮.১২ | ২.০২ |

#### ঝুঁকি ও উদ্বেগ

ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক ঝুঁকি ব্যবস্থাপনা, ঝুঁকির ফলাফল নির্ধারণ, পর্যবেক্ষণ, হ্রাসকরণ এবং প্রতিবেদন কোম্পানীর পরিচালনা পর্ষদ সময়ে সময়ে পর্যালোচনা করে থাকেন। কোম্পানীর পরিচালনায় ব্যবসায়িক ঝুঁকির ব্যবস্থাপনা সংক্রান্ত একটি বিস্তারিত প্রতিবেদন **Annexure –J, Page:84-85** এ উপস্থাপন করা হয়েছে।

#### বিক্রিত পণ্যের উৎপাদন ব্যয়, মোট মুনাফা এবং নীট মুনাফার বিশ্লেষণ

বিক্রিত পণ্যের উৎপাদন ব্যয়,মোট মুনা ফা এবং নীট মুনাফার বিশ্লেষণ **Annexure –D, Page:75-77** এ উপস্থাপন করা হয়েছে।

#### অস্বাভাবিক লাভ বা ক্ষতি

উল্লেখিত সময়ে কোম্পানীর কোন ধরনের অস্বাভাবিক লাভ বা ক্ষতি হয়নি।

#### স্বার্থসংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে লেনদেন

এ বিষয়ে কোম্পানীর নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনের নোট নং -৩৭ এবং **Annexure – G, Page:81** এ আন্তর্জাতিক হিসাবমান (IAS) অনুসারে বিস্তারিত বর্ণনা করা হয়েছে। উক্ত লেনদেন ব্যতিত আর্থিক বৎসরে কোম্পানীর সাথে স্বার্থসংশ্লিষ্ট অন্যান্য কোম্পানীর উল্লেখযোগ্য কোন লেনদেন সংগঠিত হয়নি।

#### IPO তহবিলের ব্যবহার

কেডিএস এক্সেসরিজের প্রাথমিক গণ প্রস্তাব (IPO) অনুষ্ঠিত হয় ২০১৫ সালে এবং এর মাধ্যমে উত্তোলিত অর্থ ইতোমধ্যে Prospectus এ বর্ণিত খাতে সম্পূর্ণরূপে ব্যবহার করা হয়েছে যা নিরীক্ষা করে যথাযথ নিয়ন্ত্রক সংস্থার নিকট প্রেরণ করা হয়েছে।

#### IPO পরবর্তী কোম্পানীর আর্থিক ফলাফল

২০১৫ সালের IPO পরবর্তী সময়ে কোম্পানী অন্য কোনভাবে আর কোন Fund Raising করে নাই এবং IPO এর পর কোম্পানীর আর্থিক অবস্থান সুদৃঢ় রয়েছে।

#### ত্রৈমাসিক এবং বার্ষিক আর্থিক ফলাফলে উল্লেখযোগ্য ব্যবধান

উল্লেখিত সময়ে কোম্পানীর ত্রৈমাসিক এবং বার্ষিক কার্যক্রমে উল্লেখযোগ্য কোন ব্যবধান নেই।

#### পরিচালকপর্ষদের ভাতা / সম্মানী

কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ব্যতিত পরিচালক পর্ষদের অন্য কোন সদস্যকে কোন ধরনের মাসিক বেতন, ভাতা এবং অন্যান্য সুবিধাদি কোম্পানী হতে প্রদান করা হয় না। আর্থিক বৎসরে পরিচালকদের মোট প্রদত্ত ভাতাদি নিম্নে উল্লেখ করা হল ঃ

| ক্রম | পরিচালকের নাম | পদবী | টাকা |
|---|---|---|---|
| ১ | জনাব খলিলুর রহমান | চেয়ারম্যান | -- |
| ২ | জনাব সেলিম রহমান | ব্যবস্থাপনা পরিচালক | ৬,১০০,০০০ |
| ৩ | জনাবা তাহসিনা রহমান | পরিচালক | -- |
| ৪ | কেডিএস গার্মেন্টস ইন্ডাষ্ট্রিজ লিমিটেড এর প্রতিনিধি জনাব কামরুল হাসান সিদ্দিকী এফসিএ, এসিএমএ (ইউকে),সিজিএমএ | পরিচালক | -- |
| ৫ | প্রফেসর সরওয়ার জাহান | স্বাধীন পরিচালক | -- |
| | সর্বমোট | | ৬,১০০,০০০ |

### অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ পদ্ধতি :

কোম্পানীর কার্যক্রম পরিচালনের ব্যাপ্তি অনুসারে নিয়ন্ত্রণের সুবিধার্থে কোম্পানীর আভ্যন্তরীণ নিয়ন্ত্রণ পদ্ধতি নির্ধারণ করা হয়। কোম্পানীর আভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের নিরীক্ষা পদ্ধতিতে এগুলো পর্যালোচনা এবং মূল্যায়ন করা হয়। আভ্যন্তরীণ নিয়ন্ত্রণ পদ্ধতিগুলো পরিচালনায় যথাযথভাবে পরিচালন করা হচ্ছে কিনা তা কোম্পানীর নিরীক্ষা বিভাগ সময়ে সময়ে নিরীক্ষণ, পর্যবেক্ষণ এবং মূল্যায়ন করে থাকে এবং এ সংক্রান্ত প্রতিবেদন কোম্পানীর পরিচালনা পর্ষদের নিকট দাখিল করে থাকেন।

### সংখ্যালঘু শেয়ারহোল্ডারদের স্বার্থ সংরক্ষণ

পরিচালকমন্ডলী কোম্পানীতে সংখ্যালঘু শেয়ারহোল্ডারদের স্বার্থ যথা- ভোটিং, তথ্য অধিকার এবং তথ্যের প্রাপ্তি, লভ্যাংশ ও কোম্পানীতে মৌলিক কোন পরিবর্তনে তাদের অংশগ্রহণ নিশ্চিতকরত এবং ভবিষ্যতে তাদের যেকোন স্বার্থ সংরক্ষণে সচেষ্ট এবং প্রতিজ্ঞাবদ্ধ থাকবে।

### চলমান প্রক্রিয়ার নীতি (Going Concern)

পরিচালনা পর্ষদের বিবেচনায় ভবিষ্যত কার্য পরিচালনার জন্য কোম্পানীর সম্পদের পর্যাপ্ততা রয়েছে এবং সে ভিত্তিতে কোম্পানীর আর্থিক প্রতিবেদন তৈরী করা হয়েছে।

### গত বছরের তুলনায় অপারেটিং ফলাফলের উল্লেখযোগ্য পরিবর্তন ঃ

গত বছরের তুলনায় অপারেটিং ফলাফলে কোন ধরনের বিচ্যুতি নাই।

### লভ্যাংশ

বাংলাদেশ সিকিউরিটি এন্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC) কর্তৃক নির্দেশিত Directive অনুসারে কোম্পানী একটি Dividend Distribution Policy অনুসরণ করে থাকে এবং এর ভিত্তিতে কোম্পানীর ফলাফলের সাথে সামঞ্জস্যতা রেখে আমরা লভ্যাংশ ঘোষণা করে থাকি।

২৩ অক্টোবর ২০২৩ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের সভায় বিগত বৎসরের জন্য (৩০ জুন ২০২৩ তারিখের সমাপ্ত আর্থিক বৎসরের) কোম্পানীর সকল শেয়ারহোল্ডাদের ১০% নগদ লভ্যাংশ বিতরণের সুপারিশ করা হয়েছে যাহা বার্ষিক সভায় অনুমোদন সাপেক্ষে নির্দিষ্ট Record date- ২০ নভেম্বর ২০২৩ এ শেয়ারধারীদের মধ্যে বিতরণ করা হবে।

পরিচালকমন্ডলী নিশ্চিত করছেন যে, বিগত বছরে কোন প্রকার অর্ন্তবর্তীকালীন Stock Dividend ঘোষণা করেননি।

Dividend Distribution Policy Page: 93-94 এ বর্ণনা করা হয়েছে।

### ১. পরিচালক মন্ডলী ঃ

**পরিচালনা পরিষদের গঠন ও আকার ঃ**

৩০ জুন ২০২৩ তারিখে কোম্পানীর পরিচালনা পর্ষদে মোট ৫ জন সদস্য ছিলেন। এদের মধ্যে একজন পর্ষদের সভাপতি, একজন ব্যবস্থাপনা পরিচালক, ২ জন সাধারণ পরিচালক এবং একজন স্বতন্ত্র পরিচালক মর্যাদায় অধিষ্ঠিত ছিলেন।

### ২. পরিচালনা পর্ষদের অন্যান্য স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিবরণ ঃ

পরিচালনা পর্ষদের স্বার্থসংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের বিবরণ এবং উক্ত প্রতিষ্ঠানে তাদের স্ব-স্ব অবস্থানের একটি প্রতিবেদন **Annexure I, Page:83** এ বর্ণনা করা হয়েছে।

### ৩. পরিচালকবৃন্দের অবসরগ্রহণ এবং পুনঃ নিয়োগ ঃ

কোম্পানীর পরিমেল নিয়মাবলীর ( Article of Association ) সংশ্লিষ্ট ধারা অনুযায়ী এক তৃতীয়াংশ পরিচালকের বার্ষিক সাধারণ সভায় অবসরগ্রহণ বাধ্যতামূলক। এই অনুযায়ী কোম্পানীর নিম্নেবর্ণিত সম্মানিত দু'জন পরিচালক এ সভায় অবসরগ্রহণ করতঃ পূনঃনিয়োগের যোগ্য বিধায় পুনঃনিয়োগের আগ্রহ প্রকাশ করেছেন।

১. জনাব সেলিম রহমান
২. জনাবা তাহসিনা রহমান

বিগত ২৩ অক্টোবর ২০২৩ তারিখে অনুষ্ঠিত কোম্পানীর পরিচালনা পর্ষদের সভায় তাদের পুনঃনিয়োগ প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে । উক্ত পরিচালকদ্বয়ের জীবন বৃত্তান্ত Page-36-41 এ উল্লেখ করা হয়েছে।

### ৪. পরিচালনা পর্ষদের সভা ও উপস্থিতি ঃ

উল্লেখিত সময়ে পরিচালনা পর্ষদের মোট ৪ টি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পর্ষদের সদস্যদের স্ব-স্ব উপস্থিতি নিম্নে উল্লেখ করা হল ঃ-

| পরিচালকের নাম | পদবী | অনুষ্ঠিত মোট সভার সংখ্যা | সভায় উপস্থিতি সংখ্যা |
|---|---|---|---|
| জনাব খলিলুর রহমান | চেয়ারম্যান | ০৪ | ০৪ |
| জনাব সেলিম রহমান | ব্যবস্থাপনা পরিচালক | ০৪ | ০৪ |
| জনাবা তাহসিনা রহমান | পরিচালক | ০৪ | ০৪ |
| কেডিএস গার্মেন্টস ইন্ডাষ্ট্রিজ লিমিটেড এর প্রতিনিধি জনাব কামরুল হাসান সিদ্দিকী এফসিএ, এসিএমএ (ইউকে), সিজিএমএ | পরিচালক | ০৪ | ০৪ |
| প্রফেসর সরওয়ার জাহান | স্বাধীন পরিচালক | ০৪ | ০৪ |

### স্বাধীন পরিচালক নিয়োগ

বাংলাদেশ সিকিউরিটি এন্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC) কর্তৃক নির্দেশিত কর্পোরেট গর্ভানেন্স নির্দেশিকা যাহা ০৩রা জুন ২০১৮ইং তারিখে ইস্যুকৃত নোটিফিকেশন নং (বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/ ২০৭/ এডমিন/৮০) অনুযায়ী কোম্পানীর স্বতন্ত্র পরিচালক হিসেবে প্রফেসর সরওয়ার জাহানকে পূর্ববর্তী সাধারণ সভায় পরবর্তী ৩ বৎসরের জন্য নিয়োগ দেয়া হয়েছে। প্রফেসর সরওয়ার জাহান এর

যোগ্যতা এবং দক্ষতা ডিরেক্টরস প্রোফাইলে **Page No: 40** এ বিস্তারিত দেয়া হয়েছে।

### শেয়ারহোল্ডিং Patterns

কোম্পানীর শেয়ারহোল্ডিং **Patterns Annexure – H, Page: 81** এ বর্ণনা করা হয়েছে।

### পরিচালকমন্ডলীর অন্যান্য ব্যবসায়িক কার্যক্রম

পরিচালকমন্ডলীর অন্যান্য ব্যবসায়িক কার্যক্রম **Annexure – I, Page: 83** এ বর্ণনা করা হয়েছে।

### ব্যবস্থাপনা সংক্রান্ত আলোচনা ও বিশ্লেষণ

পরিচালনাপর্ষদ সময়ে সময়ে কোম্পানীর বিক্রয় ও বিক্রিত পণ্যের ব্যয়, মোট মুনাফা এবং নীট মুনাফার হ্রাস ও বৃদ্ধির উপর আলোচনা করে থাকেন এবং বাজার পর্যালোচনা করে ব্যবসায়িক প্রবৃদ্ধির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে থাকেন। এ বিষয়ের উপর তাদের বিস্তারিত কার্যক্রমের / বিশ্লেষণের উপর একটি প্রতিবেদন **Annexure – D, Page: 75-77** এ উপস্থাপন করা হয়েছে।

### ক্রেডিট রেটিং :

ক্রেডিট রেটিং ইনফরমেশন এন্ড সার্ভিসেস লিমিটেড (CRISL) এর বিশ্লেষনে আপনাদের কোম্পানীর ঋণমান নিম্নরূপঃ-

| দীর্ঘকালীন | স্বল্পকালীন |
|---|---|
| AA- | ST-2 |

উক্ত AA-রেটিং অনুসারে আপনাদের কোম্পানীর ঋণমান ভাল মৌল ভিত্তি সম্পন্ন এবং আয় অর্জনের সক্ষমতা নির্দেশ করে। ক্রেডিট রেটিং কোম্পানীর মূল্যায়নে আপনাদের কোম্পানীর ভবিষ্যত অবস্থা "Stable' থাকবে। উপরোক্ত রেটিং কিছু মৌলিক বিষয়ের উপর যেমন- ভাল মুনাফা, শিল্প ও জমি সংক্রান্ত অবকাঠামোগত ব্যবস্থার উপর ভিত্তি করে মূল্যায়ণ করা হয়েছে। এ বিষয় শ্রেণীতে অর্ন্তভূক্ত রেটিং বলতে বুঝায় উচ্চমান, উচ্চনিরাপত্তা এবং উচ্চমানের ঋণ।

### সিইও এবং সিএফও কর্তৃক প্রত্যায়ন পত্র

Corporate Governance Code এর ৩ (৩) শর্ত অনুযায়ী কোম্পানীর প্রধান নির্বাহী কর্মকর্তা ও অর্থ কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র সংযুক্তি **Annexure – A, Page:67** এ বর্ণিত হলো।

### আর্থিক বৎসর পরবর্তী অবস্থা / ঘটনা ঃ

কোম্পানীর বাৎসরিক হিসাব সমাপ্তির তারিখ হইতে পরিচালনা পর্ষদের প্রতিবেদন দাখিলের সময়ের মধ্যে কোন ধরনের উল্লেখযোগ্য লেনদেন সংগঠিত হয়নি যাহা কোম্পানীর সংশ্লিষ্ট / আর্থিক প্রতিবেদন ব্যবহারকারীর সিদ্ধান্ত গ্রহণের মূল্যায়নে প্রভাব ফেলতে পারে।

### নিরীক্ষা কমিটি

কোম্পানীর পরিচালনা পর্ষদের সহযোগী হিসেবে নিম্নে উল্লেখিত সদস্যদের নিয়ে একটি নিরীক্ষা কমিটি গঠন করা হয়েছে ঃ

| পরিচালকের নাম | পদবী |
|---|---|
| প্রফেসর সরওয়ার জাহান | চেয়ারম্যান এবং স্বাধীন পরিচালক |
| জনাবা তাহসিনা রহমান | সদস্য |
| কেডিএস গার্মেন্টস ইন্ডাষ্ট্রিজ লিমিটেড এর প্রতিনিধি জনাব কামরুল হাসান সিদ্দিকী এফসিএ, এসিএমএ (ইউকে),সিজিএমএ | সদস্য |
| জনাব মোহাম্মদ ইলিয়াছ | সদস্য সচিব |

আর্থিক বৎসরে উক্ত নিরীক্ষা কমিটির ৪টি সভা অনুষ্ঠিত হয়। উক্ত কমিটির দায়-দায়িত্ব এবং কার্যাবলী **Page: 86-87** এ বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে।

### মনোনয়ন এবং বেতন কাঠামো নির্ধারণ কমিটি


**ইশষএ্রত্র ণিরৰ্ধ উ ঐঠইশধষব ষিথষখধ ০১ ষখ বতশ ইঠহষ্ছ ভ্যঢ়**

কেডিএস এক্সেসরিজ লিমিটেড গত ৩ ডিসেম্বর ২০১৮ তারিখে পরিচালনা পর্ষদের উপ-কমিটি হিসেবে মনোনয়ন এবং বেতন কাঠামো নির্ধারণ কমিটি (Nomination & Remuneration) নামে একটি কমিটি গঠন করে। এই কমিটি কোম্পানীর পরিচালকমন্ডলীকে কোম্পানীর নির্বাহীদের যোগ্যতা, অভিজ্ঞতা, সম্মানী ও পরিচালকদের স্বাধীনতা মূল্যায়নের মানদন্ড ও নীতি নির্ধারণে সহায়তা করবে। এনআরসি স্বাধীন পরিচালকসহ তিন সদস্য নিয়ে গঠিত হয়েছে। এনআরসির বিস্তারিত ভূমিকা ও কার্যাবলী **Page: 88-90** এ প্রতিবেদন আকারে বর্ণিত হয়েছে।

### রাজস্ব কোষাগারে অবদান ঃ

একটি দায়িত্বশীল ব্যবসায়ী প্রতিষ্ঠান হিসেবে আপনাদের কোম্পানী সরকারের রাজস্ব আহরণে সহযোগিতা করে যাচ্ছে।

উল্লেখিত সময়ে আপনাদের কোম্পানীর ব্যবসায়িক লেনদেনের উপর প্রযোজ আরোপিত বিভিন্ন প্রকার কর, শুল্ক, মুসক হিসেবে মোট ৯৯,১৮৬,৩০১ টাকা রাষ্ট্রীয় কোষাগারে প্রদান করেছে। যাহা নিম্নে বর্ণিত চিত্রে দেখানো হলো ঃ




### ব্যবসায়িক সামাজিক দায়বদ্ধতা

প্রতিষ্ঠার শুরু থেকে আপনাদের কোম্পানী ব্যবসার পাশাপাশি সমাজ এবং এর সংশ্লিষ্ট কমিউনিটির উন্নয়নে সম্ভাব্য সকল ধরনের সহযোগিতা এবং অনুদান অব্যাহত রেখেছে। এ কার্যক্রমের উল্লেখিত কয়েকটি কার্যাবলীর মধ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অনুদান, বৃক্ষরোপন অভিযান এবং নিরাপদ পানীয় জলের ব্যবস্থা অন্যতম।

## পুরস্কার এবং স্বীকৃতি

শুরু থেকে আপনাদের কোম্পানী বিভিন্ন ধরনের মান মূল্যায়নের সনদের স্বীকৃতি অর্জন করে আসছে। এর মধ্যে উল্লেখ্য অর্জন এবং স্বীকৃতিসমূহ নিম্নরূপ ঃ

- FSC Chain of Custody Certification Standard & FSC CoC Certification of Multiple Sites Standard by Bureau Veritas
- ISO Certification
- OEKO-TEX Standard 100 Certified for Woven Labels.
- OEKO-TEX Standard 100 Certified for Buttons.
- Scope Certificate for Recycled Claim Standard (RCS)
- Scope Certificate for Global Recycled Standard (GRS)
- Achievement Award of Trim Qualification Program by Intertek.
- CAP Closure Verification Visit Results by Alliance.

## তথ্য প্রযুক্তি

তথ্য প্রযুক্তির ব্যবহারে আপনাদের কোম্পানী সবসময় একধাপ এগিয়ে, কারন আমরা বিশ্বাস করি, সঠিক সময়ে সঠিক বাজার বিপনন ব্যবস্থা, বৈশ্যিক বিক্রয়, পদ্ধতিগত ব্যবস্থাপনা, সময়োপযোগী পর্যবেক্ষণ, যথাযথ গ্রাহক সেবা এবং দীর্ঘমেয়াদী ব্যবসায়িক প্রবৃদ্ধি এ সব কিছুর পরিচালনায় তথ্য প্রযুক্তির ব্যবহার ছাড়া এ যুগে প্রায় অসম্ভব।

ইতিমধ্যে আমরা ফিন্যান্সিয়াল রির্পোটিং, মানবসম্পদ ব্যবস্থাপনা, বিক্রয় ও বিপনন, উৎপাদন, মজুদ ব্যবস্থাপনা, মজুদ ও যোগান ব্যবস্থাপনা, এবং স্থায়ী সম্পদ ব্যবস্থাপনা এবং তহবিল ব্যবস্থাপনায় অটোমেশন পদ্ধতি চালু করেছি যাহার মাধ্যমে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ যেকোন সময়ে যেকোন স্থান হতে এ সংক্রান্ত রির্পোট দেখতে এবং সিদ্ধান্ত গ্রহন করতে পারে।

## ওয়েবসাইট (Website)

কোম্পানী www.kdsaccessories.com নামে একটি Website চালু রেখেছে যা Stock Exchange এর Website এর সাথে সংযুক্তি করা হয়েছে এবং এটি সর্বদা চলমান। এতে কোম্পানী সময়ে সময়ে যাবতীয় আর্থিক ও অন্যান্য বিষয়াদি প্রকাশ করে থাকে।

## মানব সম্পদ ব্যবস্থাপনা

আমরা ব্যবসায়িক ব্যাপ্তিতে মানব সম্পদকে একটি মৌলিক ভিত্তি হিসেবে বিবেচনা করি। কোম্পানীর কর্মকর্তা এবং কর্মচারীদের দক্ষতার উপর কোম্পানীর প্রতিযোগীতায় টিকে থাকার সক্ষমতা গড়ে উঠে। বিশ্বমানের পরামর্শকারী প্রতিষ্ঠান কর্তৃক আপনাদের কোম্পানীর পরিচালনগত অবকাঠামো এবং গঠনতন্ত্র গ্রহন করা হয়েছে যাহা প্রতিষ্ঠানে কর্মরত প্রত্যেকের দক্ষতা এবং সক্ষমতা বৃদ্ধিতে অবদান রাখছে। আমরা আমাদের প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের নিয়মিত প্রশিক্ষনের ব্যবস্থা করে থাকি এবং আমরা নিয়োগের ক্ষেত্রে Equal Oppurtunity এবং ক্ষমতায়ন নিশ্চিত করে থাকি।

**Compliance সর্ম্পকিত ৪ নং ধারার নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআর ডি/২০০৯-১৯৩/১০/এডমিন/১১৮ তারিখ ২২ মার্চ ২০২১ এ উল্লেখিতঃ**

Bangladesh Securities & Exchange Commission এর compliance সর্ম্পকিত ৪ ধারার নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআর ডি/২০০৯-১৯৩/১০/এডমিন/১১৮ তারিখ ২২ মার্চ ২০২১ মোতাবেক, নিম্নে উল্লেখিত কোম্পানির শেয়ারহোল্ডারগণ তাঁদের ধারনকৃত শেয়ার lien বা pledge রেখে কোন প্রকার ঋণ বা অগ্রীম গ্রহন করেননি।

| পারিচালক বৃন্দের নাম | কোম্পানিতে অবস্থান | শেয়ারের সংখ্যা | শেয়ারহোল্ডিং % |
|---|---|---|---|
| জনাব খলিলুর রহমান | চেয়ারম্যান | ৩০,৫৯৯,২৩৭ | ৪২.৯৯% |
| জনাব সেলিম রহমান | ব্যবস্থাপনা পরিচালক | ১০,০৩০,৩৪৪ | ১৪.০৯% |

## আচরন বিধি

নৈতিকতা বজায় রেখে ব্যবসা করাই হচ্ছে আমাদের ব্যবসায়ের প্রধান দর্শন। এ বিষয়ে আপনাদের কোম্পানী পরিচালনা পর্ষদের জন্য একটি Code of Conduct গ্রহন করেছে এবং প্রত্যেক পরিচালক তা মেনে চলার অঙ্গীকারে আবদ্ধ হয়েছেন।

## নিরীক্ষক নিয়োগ

### ক. বহিঃ নিরীক্ষক নিয়োগ :

কোম্পানীর বর্তমান বহিঃ নিরীক্ষক হোসাইন ফরহাদ এন্ড কোং , চাটার্ড একাউন্ট্যান্টস (ইউনেস্কো সেন্টার, নবম তলা, ৮৭০, সিডিএ এভেনিউ, নাসিরাবাদ, চট্টগ্রাম)কোম্পানীর ৩২তম বার্ষিক সাধারণ সভায় নিয়মানুযায়ী অবসর গ্রহন করবেন এবং পুনঃ নিয়োগের যোগ্য হওয়ায় আগামী হিসাব বছরের নিরীক্ষা কার্যক্রম পরিচালনার সম্মতি প্রদান করেছেন।

এই পরিপ্রেক্ষিতে পরিচালনা পর্ষদ ২৩ অক্টোবর ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভায় কোম্পানীর আগামী হিসাব বছরের (২০২৩-২০২৪) নিরীক্ষা পরিচালনার জন্য হোসাইন ফরহাদ এন্ড কোং, চাটার্ড একাউন্ট্যান্টসকে বহিঃ নিরীক্ষক হিসেবে নিয়োগের সুপারিশ করেছেন যা আগামী ৩২তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদনের জন্য উপস্থাপিত হবে।

### খ. কর্পোরেট গর্ভনেন্স সার্টিফিকেশন এর জন্য Professional নিয়োগঃ

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন দ্বারা ইস্যুকৃত কর্পোরেট গর্ভনেন্স সার্টিফিকেশন এর জন্য Professional নিয়োগের পরিপ্রেক্ষিতে পরিচালনা পর্ষদ ২৩ অক্টোবর ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভায় শফিক বসাক এন্ড কোম্পানী চার্টার্ড একাউন্ট্যান্টস (ন্যাশনাল হাউজ, দ্বিতীয় তলা, ১০৯, আগ্রাবাদ কর্মাশিয়াল এরিয়া, চট্টগ্রাম ) এর পার্টনার জনাব এস কে বসাক এফসিএ কে আগামী হিসাব বছরের জন্য নিয়োগের সুপারিশ করেছেন যা আগামী ৩২তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদনের জন্য উপস্থাপিত হবে।

**ব্যবসায়িক সুশাসন এবং প্রতিপালনের প্রতিবেদন**

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক ইস্যুকৃত নোটিফিকেশন নং (বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০ তারিখ ০৩ জুন ২০১৮) কর্পোরেট সুশাসন মেনে চলার নির্দেশিকার উপর নিরীক্ষকের সনদ এবং প্রতিবেদন এই রিপোর্টে বিস্তারিত দেয়া হয়েছে। এ সংক্রান্ত প্রতিবেদন Annexure-B & C, Page-68-74 এ উল্লেখ করা হয়েছে।

**পরিচালকদের দায়িত্বের বিবৃতি ঃ**

বিএসইসি নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০ তারিখ ০৩ জুন ২০১৮ অনুসারে পরিচালনা পর্ষদ এই বিষয়টি নিশ্চিত করেন যে,

১. কেডিএস এক্সেসরিজ লিঃ এর ব্যবস্থাপনা কর্তৃক তৈরীকৃত আর্থিক প্রতিবেদন কোম্পানীর সার্বিক অবস্থা, পরিচালনার ফলাফল সমূহ, নগদ প্রবাহ এবং সম্পদের পরিবর্তন ইত্যাদি যথাযথ ভাবে উপস্থাপন করা হয়েছে।

২. যথাযথ হিসাব বই সংরক্ষণ করা হয়েছে।

৩. আর্থিক প্রতিবেদন তৈরীতে যথাযথ একাউন্টিং পলিসি নিরবিচ্ছিন্নভাবে প্রয়োগ করা হয়েছে এবং হিসাবের প্রাক্কলনগুলো যুক্তিসংগত এবং যথোপযুক্ত বিচার বিশ্লেষনের উপর ভিত্তি করে করা হয়েছে।

৪. আর্থিক প্রতিবেদন তৈরীতে ইন্টারন্যাশনাল একাউন্টিং স্ট্যান্ডারডস (আইএএস)/ ইন্টারন্যাশনাল ফিনেন্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস (আইএফআরএস) যেভাবে বাংলাদেশে প্রযোজ্য সেভাবে অনুসরণ করা হয়েছে এবং যে কোন ধরণের পরিবর্তন পর্যাপ্তভাবে প্রকাশ করা হয়েছে।

৫. আভ্যন্তরীণ নিয়ন্ত্রন ব্যবস্থা যথাযথভাবে গ্রহন এবং প্রয়োগ করা হয়েছে।

৬. একটি চলমান প্রতিষ্ঠান হিসেবে যাত্রা অব্যাহত রাখতে কোম্পানীর সক্ষমতার উপর কোন সন্দেহ নাই এবং একটি চলমান প্রতিষ্ঠান নথির উপর ভিত্তি করে বার্ষিক হিসাব তৈরী করা হয়েছে।

৭. কোম্পানীর পরিচালনা গত ফলাফলে বিগত বৎসর থেকে গুরুত্বপূর্ণ পরিবর্তন প্রতিবেদনে আলোকপাত করা হয়েছে এবং যদি থাকে তার কারণ ব্যাখ্যা করা হয়েছে।

৮. বিগত পাঁচ বৎসরে মূল পরিচালনাগত এবং আর্থিক ফলাফল সমূহ **Annexure – D, Page:76** এ উল্লেখ করা হয়েছে।

৯. কোম্পানীর পরিচালক পর্ষদের সভার সংখ্যা এবং পরিচালকদের উপস্থিতি সংক্রান্ত তথ্য **Page:54** এ উল্লেখ করা হয়েছে।

১০. শেয়ার ধারণের পদ্ধতি **Annexure – H, Page:81** এ উল্লেখ করা হয়েছে।

১১. বিএসইসি এর চাহিদামত এবং কর্পোরেট গভর্নেন্সের নিয়মানুসারে কর্পোরেট গভর্নেন্সের কমপ্লাইয়েন্স স্ট্যাটাস নামে একটি প্রতিবেদন এবং সনদ **Annexure – C, Page:68-74** এ বর্ণনা করা হয়েছে।

১২. পরিচালকদের প্রোফাইল **Page: 36-41** এবং অন্যান্য সংস্থায় তাদের অংশিদারিত্ব এবং অবস্থান, ব্যবসায়িক স্বার্থ এই রিপোর্টের **Annexure – I, Page:83** এ বর্ণনা করা হয়েছে।


**ধন্যবাদ জ্ঞাপন ঃ**

আমরা আমাদের গ্রাহক, সরবরাহকারী, বিনিয়োগকারী, ব্যবসায়িক সহযোগী এবং ব্যাংকারদেরকে তাঁদের সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং সেই সাথে কোম্পানীর সকল কর্মকর্তা, কর্মচারীদেরকেতাদের অবদানের জন্য ধন্যবাদ জানাচ্ছি।

পরিশেষে আমরা সরকারের সকল ধরনের নিয়ন্ত্রক সংস্থা যথা- বিএসইসি, ডিএসই, সিএসই, সিডিবিএল, আরজেএসসি, এনবিআর এবং সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দকে তাদের বিগত দিনের সহযোগিতা এবং ভবিষ্যতে একই ধরনের সহযোগিতার প্রত্যাশায় ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

নিরাপদ ও সুস্থ্য থাকুন।

পরিচালকমন্ডলীর পক্ষে–



**খলিলুর রহমান**
চেয়ারম্যান
২৩ অক্টোবর ২০২৩
আল্লাহ হাফেজ